

ইকফাই-এ পর্যটন বিষয়ক সেমিনার

কামালঘাট, ২০ অক্টোবর :

‘পর্যটন পক্ষ’ উদ্যাপন উপলক্ষ্যে ত্রিপুরা পর্যটন উন্নয়ন নিগম লিমিটেড ও ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরার যৌথ উদ্যোগে শুক্রবার ‘অতিথি দেবা ভব’ শীর্ষক এক আলোচনাচক্র আয়োজিত হয়। ত্রিপুরায় আরো বেশী সংখ্যক পর্যটক টানতে পরিকাঠামোসহ রাস্তাঘাটের উন্নয়ন, প্রতি জেলায় ভাল হোটেল বা পর্যটক নিবাস নির্মাণ এবং পর্যটকদের সাথে সর্বদা ভাল ব্যবহার করার উপর আজকের আলোচনাচক্রে গুরুত্বারোপ করা হয়।

ইকফাই বিশ্ববিদ্যালয়ের কামালঘাটস্থিত ক্যাম্পাসে আয়োজিত আজকের আলোচনাচক্রে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন অবসরপ্রাপ্ত আইএএস আধিকারিক মধুসূদন ভট্টাচার্য্য এবং ত্রিপুরা পর্যটন উন্নয়ন নিগম লিমিটেডের এমডি অনিন্দ্য কুমার ভট্টাচার্য্যসহ কয়েকজন আধিকারিক। আলোচনাচক্রে স্বাগত ভাষণ রাখতে গিয়ে ইকফাই বিশ্ববিদ্যালয়ের নিবন্ধক ডঃ আভুলা রঙ্গনাথ জানান, শুধু ত্রিপুরাই নয় সমগ্র পূর্বোত্তর ভারত পর্যটনের জন্য এক উৎকৃষ্ট অঞ্চল। এই অঞ্চলের মানুষ সততই সং এবং অতিথিবৎসল।

মূল ভাষণে ত্রিপুরা পর্যটন উন্নয়ন নিগমের প্রাক্তন এমডি তথা অবসরপ্রাপ্ত আইএএস আধিকারিক মধুসূদন ভট্টাচার্য্য জানান, রাস্তাঘাটের চেহারা পাল্টালে এবং পর্যটন কেন্দ্রগুলির আশেপাশে উন্নতমানের পর্যটক আবাস তৈরী হলে ত্রিপুরায় পর্যটন বিকাশের সম্ভাবনা অত্যন্ত উজ্জ্বল। এতে কর্মসংস্থানের পাশাপাশি রাজ্যের রাজস্ব আদায়ও বাড়বে। আলোচনাচক্রে ধন্যবাদসূচক বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের সহ-অধ্যাপক ডঃ ধনঞ্জয় দত্ত

প্রেস বিবৃতি